**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা
## সংখ্যা : ১১/২০১৭

**ঢাকা, রোববার ১৫ জানুয়ারি ২০১৭, ২ মাঘ ১৪২৩**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। আগামী নির্বাচনের প্রস্তুতি নিন : দলীয় নেতাকর্মীদের প্রধানমন্ত্রী

২। ডব্লিউইএফ সম্মেলনে যোগ দিতে প্রধানমন্ত্রী আজ সুইজারল্যান্ড যাচ্ছেন

৩। দুই বছরের মধ্যে কুয়াকাটা হবে আকর্ষণীয় পর্যটনকেন্দ্র
: মেগাবিচ কার্নিভাল উদ্বোধন অনুষ্ঠানে অর্থমন্ত্রী

৪। আগামী ২০২৪ সালের মধ্যেই এসডিজি অর্জন করবে বাংলাদেশ : অর্থমন্ত্রী

৫। ডব্লিউইএফ সম্মেলনে আমন্ত্রণ প্রধানমন্ত্রীর দূরদর্শী নেতৃত্বের ইঙ্গিত : পররাষ্ট্রমন্ত্রী

৬। ধর্মের নামে অরাজকতা সৃষ্টিকারীদের ছাড় নয় : স্বরাষ্ট্রমন্ত্রী

৭। সোনারগাঁওয়ে শুরু মাসব্যাপী লোকজ উৎসব

৮। প্রশিক্ষিত কর্মী এবং বিচারক স্বল্পতাসহ বিভিন্নকারণে
বিচার প্রক্রিয়ায় বিলম্বসহ নানা কারণে বাড়ছে মামলাজট : প্রধান বিচারপতি

৯। বঙ্গবন্ধু সিলিকন সিটি নামের হাই-টেক পার্কের নির্মাণ কাজ শুরু

১০। গুলশান হামলাসহ ২৩ হত্যায় অভিযুক্ত রাজীব গান্ধী গ্রেফতার

১১। বিশ্ব ইজতেমার প্রথম পর্বের আখেরি মোনাজাত আজ

১২। দেশ জুড়ে মৃদু থেকে মাঝারি শৈত্যপ্রবাহ

চলমান পাতা-২

১। **আগামী নির্বাচনের প্রস্তুতি নিন : দলীয় নেতাকর্মীদের প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা দলীয় নেতাকর্মীদের আগামী নির্বাচনের প্রস্তুতি নেওয়ার নির্দেশ দিয়েছেন। তিনি বলেছেন, আওয়ামী লীগ আগামী নির্বাচনী ইশতেহার তৈরির কাজ শুরু করেছে। এখন থেকেই সবাইকে আগামী নির্বাচনের জন্য প্রস্তুতি নিতে হবে। গতকাল ১৪ জানুয়ারি শনিবার আওয়ামী লীগ সভাপতির ধানমন্ডির রাজনৈতিক কার্যালয়ের সভাকক্ষে দল ও সহযোগী ভ্রাতৃপ্রতিম সংগঠনের কেন্দ্রীয় নেতাদের সঙ্গে মতবিনিময় বৈঠকের সূচনা বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৩), **অবজারভার** (শেষ পৃ.,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৫)।

২। **ডব্লিউইএফ সম্মেলনে যোগ দিতে প্রধানমন্ত্রী আজ সুইজারল্যান্ড যাচ্ছেন**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ওয়ার্ল্ড ইকোনোমিক ফোরামের (ডব্লিউইএফ) ৪৭ তম বার্ষিক সম্মেলনে যোগ দিতে ৫ দিনের সরকারি সফরে আজ ১৫ জানুয়ারি রোববার রাতে সুইজারল্যান্ডের ডাভোসের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করবেন। সুইজারল্যান্ড পূর্বাঞ্চলীয় আল্পস অঞ্চলে গ্রাউবান্ডেনে পার্বত্য রিসোর্ট ডাভোসে ১৭ থেকে ২০ জানুয়ারি চার দিনব্যাপী এ সম্মেলন অনুষ্ঠিত হবে। এবারের সম্মেলনের প্রতিপাদ্য বিষয় হচ্ছে 'প্রতিবেদনশীল এবং দায়িত্বশীল নেতৃত্ব'। প্রধানমন্ত্রী এবং তার সফরসঙ্গীদের বহনকারী ইতিহাদ এয়ার ওয়েজের একটি ফ্লাইট রাত ৯টা ৪৫ মিনিটে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর ত্যাগ করবে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৭)।

৩। **দুই বছরের মধ্যে কুয়াকাটা হবে আকষর্ণীয় পর্যটনকেন্দ্র : মেগাবিচ কার্নিভাল উদ্বোধন অনুষ্ঠানে অর্থমন্ত্রী**

বর্তমান সরকারের আগামী দুই বছর মেয়াদে সাগরকন্যা কুয়াকাটাকে বিশ্বের কাছে আকষর্ণীয় পর্যটনকেন্দ্র হিসেবে তুলে ধরার কথা বলেছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। একই সময়ে দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি ৮ শতাংশে উন্নীত হবে বলে তিনি আশা প্রকাশ করেন। গতকাল ১৪ জানুয়ারি শনিবার প্রথমবারের মতো আয়োজিত 'কুয়াকাটা মেগাবিচ কার্নিভাল-২০১৭' এর উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের উদ্যোগে কুয়াকাটা সমুদ্র সৈকতে তিন দিনব্যাপী এই কার্নিভালের আয়োজন করা হয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.১) **অবজারভার** (পৃ.৯,ক.৬)।

৪। **আগামী ২০২৪ সালের মধ্যেই এসডিজি অর্জন করবে বাংলাদেশ : অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেছেন, আগামী ২০২৪ সালের মধ্যেই টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) পূরণ করবে বাংলাদেশ। গতকাল ১৪ জানুয়ারি শনিবার রাজধানীতে এসডিজি বাস্তবায়ন ও পরিবেশ নিয়ে দু'দিনব্যাপী সম্মেলনের উদ্বোধন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। মন্ত্রী বলেন, উন্নয়নের ধারা বহাল থাকলে এমডিজির মতো এসডিজিতেও বাংলাদেশ সফল হবে। জাতিসংঘের নির্ধারিত সময়ের (২০৩০) আগেই লক্ষ্য অর্জন সম্ভব হবে। অর্থমন্ত্রী বলেন, সাম্প্রতিক সময়ের বাংলাদেশের আর্থসামাজিক চিত্র, যোগাযোগ ও অবকাঠামো উন্নয়ন এবং মানুষের জীবনমানের জরিপ করলেই এর সত্যতা পাওয়া যাবে। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.১), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.১)।

৫। **ডব্লিউইএফ সম্মেলনে আমন্ত্রণ প্রধানমন্ত্রীর দূরদর্শী নেতৃত্বের ইঙ্গিত : পররাষ্ট্রমন্ত্রী**

পররাষ্ট্রমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী বলেছেন, এবারই প্রথম বাংলাদেশের কোনো নির্বাচিত সরকার প্রধানকে ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের (ডব্লিউইএফ) বার্ষিক সম্মেলনে আমন্ত্রণ জানানো হয়েছে। এই আমন্ত্রণ বিশ্বে বাংলাদেশের শক্তিশালী অবস্থান এবং প্রধানমন্ত্রীর সুযোগ্য ও দূরদর্শী নেতৃত্বেরই ইঙ্গিত বহন করে। এই সম্মেলনে প্রধানমন্ত্রীর অংশগ্রহণ দেশের আর্থসামাজিক খাতে কাঙ্খিত ফল বয়ে আনবে বলেও মনে করেন পররাষ্ট্রমন্ত্রী। গতকাল ১৪ জানুয়ারি শনিবার পররাষ্ট্র মন্ত্রণালয়ে অনুষ্ঠিত এক সংবাদ সম্মেলনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার চারদিনের ডাভোস সফর প্রসঙ্গে এসব কথা বলেন তিনি। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.২), **সমকাল** (পৃ.২,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.৭), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৫)।

৬। **ধর্মের নামে অরাজকতা সৃষ্টিকারীদের ছাড় নয় : স্বরাষ্ট্রমন্ত্রী**

জঙ্গি ও সন্ত্রাসী কর্মকান্ডে জড়িত অর্থদাতা, ইন্ধনদাতা, ধর্মের নামে অরাজকতা সৃষ্টিকারী কাউকেই ছাড় দেওয়া হবে না। প্রধানমন্ত্রীর ডাকে সাড়া দিয়ে দেশের জনগণ উগ্রবাদ ও জঙ্গিবাদের বিরুদ্ধে রুখে দাঁড়িয়েছে। জনগণকে সঙ্গে নিয়ে আমরা সন্ত্রাসী, জঙ্গিদের কঠোর হাতে দমন করছি। তাদের কোনো ছাড় দেওয়া হবে না বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল। গতকাল ১৪ জানুয়ারি শনিবার 'সমাজে মূল্যবোধভিত্তিক শিক্ষা' শীর্ষক এক সেমিনারের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। রাজধানীর রামকৃষ্ণ মঠ ও

রামকৃষ্ণ মিশন এই সেমিনারের আয়োজন করে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ইনকিলাব** (পৃ.১,ক.৫), **অবজারভার** (পৃ.১০,ক.৬), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৬)।

**৭। সোনারগাঁওয়ে শুরু মাসব্যাপী লোকজ উৎসব**

সংস্কৃতিমন্ত্রী আসাদুজ্জামান নূর বলেছেন, রাজনীতির পাশাপাশি শিল্প-সাহিত্য ও সংস্কৃতির উন্নতি প্রয়োজন। কারণ এগুলোর উন্নতি ছাড়া দেশের উন্নয়ন সম্ভব হয় না। শিল্প শুধু বিনোদনের উপকরণ নয়। বিশ্বে এখন শিল্পের সৃজনশীলতাকে অর্থনীতির সঙ্গে যুক্ত করা হচ্ছে। শিল্পকে অবিক্রীত রেখে অর্থ উপার্জনের মাধ্যম করা যেতে পারে। সোনারগাঁওয়ে গতকাল ১৪ জানুয়ারি শনিবার লোক ও কারুশিল্প ফাউন্ডেশন চত্বরে মাসব্যাপী কারুশিল্প মেলা ও লোকজ উৎসবের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। মন্ত্রী বলেন পানাম নগরীকে সংস্কার করে আদি রূপে ফিরিয়ে আনা হবে। এরই মধ্যে ৫২টি বাড়ির সংস্কারকাজ হাতে নেওয়া হয়েছে। দুই-এক বছরে এ সংস্কারকাজ শেষ করা যাবে। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৪), **সংবাদ** (শেষ পৃ.,ক.৭), **যায়যায়দিন** (পৃ.১৫,ক.১)।

**৮। প্রশিক্ষিত কর্মী এবং বিচারক স্বল্পতাসহ বিভিন্ন কারণে**
**বিচার প্রক্রিয়ায় বিলম্বসহ নানা কারণে বাড়ছে মামলাজট : প্রধান বিচারপতি**

প্রশিক্ষিত কর্মী এবং বিচারক স্বল্পতাসহ বিভিন্নকারণে মামলা জট বাড়ছে বলে মন্তব্য করেছেন প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা। বিচার প্রক্রিয়ায় বিলম্বসহ বিভিন্ন কারণে মামলা জট বাড়ে। সেগুলো হলো-সেকেলে প্রশাসনিক প্রক্রিয়া, সেকেলে অফিস প্রযুক্তি, ঐতিহ্যগতভাবে মামলা ব্যবস্থাপনায় আটকে থাকা, মামলার শাখা বিন্যাস, বিকল্প বিরোধ নিষ্পত্তিতে দক্ষতার অভাব, প্রশিক্ষিত জনবল ও বিচারকের স্বল্পতা ইত্যাদি। গতকাল ১৪ জানুয়ারি শনিবার সুপ্রীমকোর্ট ও ইউএসএআইডির উদ্যোগে আয়োজিত অধস্তন আদালতের মামলা ব্যবস্থাপনা সংক্রান্ত জুডিশিয়াল পলিসি প্রণয়নে বিচারকদের প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এ মন্তব্য করেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **সমকাল** (পৃ.২,ক.৮), **ইত্তেফাক** (পৃ.১,ক.৮)।

**৯। বঙ্গবন্ধু সিলিকন সিটি নামের হাই-টেক পার্কের নির্মাণ কাজ শুরু**

শিক্ষানগরী রাজশাহীতে নির্মিত হচ্ছে 'বঙ্গবন্ধু সিলিকন সিটি' নামে একটি হাই-টেক পার্ক। মহানগরীর রাজাপাড়া থানার জিয়ানগর এলাকায় ৩১ দশমিক ৬৩ একর জমির ওপর তথ্যপ্রযুক্তি নির্ভর এই পার্ক গড়ে তোলা হচ্ছে। এতে ব্যয় হবে ২৮১ কোটি ১৯ লাখ টাকা। গত ১৩ জানুয়ারি শুক্রবার বঙ্গবন্ধু সিলিকন সিটি নির্মাণের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন তথ্য ও প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক। এর মধ্য দিয়ে বঙ্গবন্ধু সিলিকন সিটি নির্মাণের যাত্রা শুরু হলো। জানা যায়, যুক্তরাষ্ট্রের সিলিকন ভ্যালির আদলে অচিরেই এ অবকাঠামোগত নির্মাণ কাজ শুরু হবে। শেষ হবে আগামী তিন বছরের মধ্যে। ভিত্তিপ্রস্তর স্থাপন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে তথ্য ও প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক বলেছেন, বঙ্গবন্ধু সিলিকন সিটির নির্মাণ শেষে এখানে ১৪ হাজার তরুণ-তরুণীর কর্মসংস্থানের ব্যবস্থা হবে। তবে এখানে রাজশাহীর সব শিক্ষা প্রতিষ্ঠানের প্রায় এক লাখ শিক্ষার্থীকেই প্রশিক্ষণ দিয়ে তথ্য-প্রযুক্তিতে দক্ষ করে গড়ে তোলা হবে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৬), **ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.১), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৫), **ডেইলি সান** (পৃ.১২,ক.৩,)।

**১০। গুলশান হামলাসহ ২৩ হত্যায় অভিযুক্ত রাজীব গান্ধী গ্রেফতার**

উত্তরাঞ্চলের বিভিন্ন জেলায় ২২টি হত্যাকাণ্ডের পরিকল্পনা ও বাস্তবায়নে নেতৃত্বদানকারী হিসেবে অভিযুক্ত অন্যতম শীর্ষ জঙ্গি জাহাঙ্গীর আলম ওরফে রাজীব গান্ধী গ্রেফতার হয়েছে। তিনি গুলশানের হলি আর্টিজান বেকারিতে হামলার পরিকল্পনাকারীদের একজন বলেও অভিযোগ রয়েছে। গত ১৩ জানুয়ায়ি শুক্রবার রাতে কাউন্টার টেরোরিজম অ্যান্ড ট্রান্সন্যাশনাল ক্রাইমের (সিটি) একটি দল টাঙ্গাইলের এলেঙ্গা বাসস্ট্যান্ড এলাকা থেকে তাকে গ্রেফতার করে। জিজ্ঞাসাবাদের জন্য গতকাল ১৪ জানুয়ারি শনিবার তাকে আট দিনের রিমান্ডে নিয়েছে পুলিশ। রাজধানীর মিন্টো রোডে ডিএমপি মিডিয়া সেন্টারে এক সংবাদ সম্মেলনে এসব তথ্য জানান ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) অতিরিক্ত কমিশনার ও কাউন্টার টেরোরিজম অ্যান্ড ট্রান্সন্যাশনাল ক্রাইম (সিটি) ইউনিটের প্রধান মনিরুল ইসলাম। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৬), **ভোরের কাগজ, সমকাল, যায়যায়দিন, অবজারভার, বাংলাদেশ টুডে** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**১১। বিশ্ব ইজতেমার প্রথম পর্বের আখেরি মোনাজাত আজ**

ধর্মীয় ভাবগম্ভীর পরিবেশে গতকাল ১৪ জানুয়ারি শনিবার বিশ্ব মুসলিম জাহানের দ্বিতীয় বৃহত্তম ধর্মীয় সমাবেশ বিশ্ব ইজতেমার দ্বিতীয় দিন অতিবাহিত হয়েছে। আজ ১৫ জানুয়ারি রোববার আখেরি মোনাজাতের মধ্য দিয়ে

শেষ হবে মুসলিম মহাসমাবেশ বিশ্ব ইজতেমার প্রথম পর্ব। বেলা **১১**টা থেকে সাড়ে **১১**টার মধ্যে আখেরি মোনাজাত শুরু হবে বলে জানা গেছে। এরপর ৪ দিন বিরতির পর আগামী ২০ জানুয়ারি থেকে শুরু হবে বিশ্ব ইজতেমার দ্বিতীয় পর্ব। আগামী ২২ জানুয়ারি আখেরি মোনাজাতের মধ্য দিয়ে শেষ হবে এবারের বিশ্ব ইজতেমা। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৭)।

**১২। দেশ জুড়ে মৃদু থেকে মাঝারি শৈত্যপ্রবাহ**

কনকনে ঠান্ডায় বিপর্যস্ত হয়ে পড়ছে প্রায় সারা দেশ। উত্তরাঞ্চলে তীব্র শৈত্যপ্রবাহ চলছে। প্রতিদিন নামছে তাপমাত্রা। গতকাল পঞ্চগড়ের তেতুলিয়া, কুড়িগ্রামের রাজারহাটসহ কয়েকটি এলাকায় তাপমাত্রা ৫ ডিগ্রি সেলসিয়াসে নেমে আসে। গত পাঁচ দিনে তিনগুণ রোগী ভর্তি হয়েছে রাজশাহী মেডিকেল কলেজ (রামেক) হাসপাতালে। আবহাওয়াবিদ রুহুল কুদ্দুস জানান, রাজধানীসহ সারাদেশেই শীতের তীব্রতা অনুভূত হচ্ছে। কারণ উত্তরের হাওয়ার বেগ বেড়েছে। আরও দুদিন তাপমাত্রা একইরকম থাকতে পারে। তিনি জানান, উত্তরাঞ্চলে শৈত্যপ্রবাহের তীব্রতা অব্যাহত থাকার সম্ভাবনা রয়েছে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৮), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক, সংবাদ, প্রথম আলো, ভোরের কাগজ, ডেইলি স্টার, নিউজ টুডে, নিউ এজ :** সুন্দরবনের অদূরে কয়লাবাহী লাইটার জাহাজ ডুবে যাওয়ার খবরে উদ্বেগ প্রকাশ করে সুন্দরবনের ভেতর দিয়ে পণ্যবাহী নৌযান চলাচল বন্ধ করে বিকল্প পথ চালু করাসহ সুন্দরবনের সম্পদ সংরক্ষণে উপযুক্ত নীতিমালা ও পরিকল্পনা বাস্তবায়নের সুপারিশ।

খ. **সংবাদ :** রাজধানীর বেশির ভাগ এলাকায় এডিস মশার উপদ্রব বেড়ে যাওয়ায় ডেঙ্গুরোগ নির্মূল করতে সংশ্লিষ্ট সংস্থা ও প্রতিষ্ঠানগুলোকে সম্মিলিত ভাবে কার্যকর উদ্যোগ নেওয়ার আহ্বান।

গ. **জনকণ্ঠ :** আগামী একাদশ জাতীয় সংসদ নির্বাচনে ই-ভোটিং ব্যবস্থা চালু করার ওপর গুরুত্বারোপ।

ঘ. **সমকাল :** সিরাজগঞ্জের তাড়াশ উপজেলার **১২৯**টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৫৭টিতে প্রধান শিক্ষক না থাকার পরিপ্রেক্ষিতে সরকারকে সারা দেশের প্রাথমিক বিদ্যালয়ে শূন্য পদে শিক্ষক নিয়োগ দেওয়ার পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঙ. **যুগান্তর, ইনকিলাব :** 'হিউম্যান রাইটস ওয়াচ' এর প্রতিবেদন আমলে নিয়ে উন্নয়নের পাশাপাাশি মানবাধিকারের বিষয়ের প্রতি সরকারকে সমান নজর দেওয়ার প্রত্যাশা।

চ. **ইনকিলাব :** জাতীয় মৎস্য প্রজনন ক্ষেত্র হালদা নদী রক্ষায় সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়ার আহ্বান।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** প্রতিবন্ধীদের অধিকার সুরক্ষায় তাদের উন্নয়নের মূল স্রোতধারায় নিয়ে আসায় শক্তিশালী ও কার্যকর প্রাতিষ্ঠানিক ফ্রেমওয়ার্ক গঠনের আহ্বান।

জ. **ডেইলি সান, নিউ নেশন :** পিতামাতা কর্তৃক শিশু হত্যা উদ্বেগজনক হারে বেড়ে যাওয়ায় এ ধরণের মানবিক সমস্যার সমাধানে সমাজে পারিবারিক বন্ধন দৃঢ় করার ওপর গুরুত্বারোপ।

ঝ. **নিউ এজ :** পোশাক শ্রমিকদের মজুরি বৃদ্ধির আন্দোলনকে কেন্দ্র করে কর্তৃপক্ষের নেওয়া পদক্ষেপের পরিপেক্ষিতে শ্রমিকদের চাকুরি নিয়ে যে উদ্বেগজনক পরিস্থিতির সৃষ্টি হয়েছে তার শান্তিপূর্ণ সমাধানের প্রত্যাশা।

ঞ. **নিউ নেশন :** উচ্চ মাধ্যমিক পর্যায়ের ২০৪টি কলেজে শিক্ষার্থী না থাকা সত্ত্বেও এমপিও ভুক্ত থাকায় সঠিক তদন্ত করে ব্যবস্থা নেওয়ার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**সমকাল** পত্রিকায় প্রকাশিত কলামে মোবাইল ব্যাংকিং সেবা সমাজের বিভিন্ন স্তরের বিশেষ করে নিম্ন আয়ের জনগোষ্ঠীর মধ্যে বিপুল জনপ্রিয়তা পাওয়ায় সেটার বিকাশ সাধনই কাম্য বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে **'গ্রামের শিক্ষা ও সংস্কৃতি'** শিরোনামের নিবন্ধে মো. এনামুল হক খান দেশকে এগিয়ে নিতে হলে গ্রামের শিক্ষা ও সংস্কৃতির প্রতি বিশেষ গুরুত্ব দিতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ডালিয়া/শুকলা/মরজিনা/রশীদ/তানিয়া/২০১৬/৯.০০ ঘণ্টা